শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

**জানুয়ারী / ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৫৮ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৮ জানুয়ারী ২০২৪ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন "পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন আমুড়া-বিয়ানীবাজার সড়কের চেইনেজ ৭৬৭৬ মিটারে কুশিয়ারা নদীর উপর ৮৩৮.৪০ মিটার দৈর্ঘের ব্রীজ নির্মাণ কাজ এবং সিলেট টিলাগড়-গাছবাড়ী জিসি-কানাইঘাট হেড কোয়াটার সড়কের মেরামত কাজ ফেব্রুয়ারী/২০২৪ মাসের মধ্যে শুরু হবে মর্মে আশা করা যাচ্ছে। তাছাড়া হেতিমগঞ্জ বাজার-ঢাকাদক্ষিন জিসি- চন্দরপুর- সড়কের মেরামত কাজ আগামী জানুয়ারী/২০২৪ মাসের মধ্যে শুরু করা যাবে মর্মে উপজেলা প্রকৌশলী সভায় জানান। এছাড়াও বিভিন্ন প্রকল্পের মেরামত/উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে গত ১১ জানুয়ারী ২০২৪ইং তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়েছে। অংশগ্রহণকারী সকল দর দাতার দর একই হওয়ায় গত ১৭ জানুয়ারী ২০২৪ইং e-GP system-এ online Lottery অনুষ্ঠিত হয় এবং লটারীর মাধ্যমে বিজয়ী দরদাতা নির্বাচন করা হয়েছে। আগামী ফেব্রুয়ারী-মার্চ/২০২৪ইং মাসের মধ্যে গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সকল কাজ শতভাগ সমাপ্ত হবে মর্মে প্রকৌশলী পরিষদকে আশ্বস্ত করেন। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উদ্বৃত্ত) দ্বারা গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা যথাযথভাবে এবং যথাসময়ে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয়কে পরিষদ কর্তৃক অনুরোধ করা হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১০৭০০জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৩৮ জন ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ১৫২৭ জন, নরমাল প্রসব সেবা ৬২ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৬০ টি, সিজারিয়ান প্রসব সেবা ০৪ জন। ল্যাব টেষ্ট ৪৮০.আরবিএস ১৩৫। | বহিঃবিভাগ ও আন্তঃবিভাগের রোগীদের প্রয়োজণীয় চিকিৎসা সেবা প্রদান সহ স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, নভেম্বর/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০২৩৫ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৯২৯ জন, হার ৭৯.৭১%। গর্ভকালীন সেবা ৬৭৭ জন, প্রসব সেবা ৫৯ জন, গর্ভোত্তর সেবা ২৩৫ জন, শিশু সেবা ৮৯৯ জন, রোগী ৩২৫৩ জন, জীবিত জন্মের সংখ্যা ২৩৪জন, মৃত্যুর সংখ্যা ১০৩ জন, সর্বমোট গর্ভবতী ১৮৮৫ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৪৯৯ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, কৃষি সম্প্রসারন অধিদপ্তর এর স্বাভাবিক কার্যক্রম চলমান। ২০২৩-২৪ অর্থবছরে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৭৬২০ হেক্টর। এ আবাদ নিষ্কন্ট করতে বিভিন্ন বিলের পানি ফেব্রুয়ারী এবং মার্চের পর ছাড়ার ব্যবস্থা করা প্রয়োজন। যেমন বাঘা বিল সহ অন্যান্য বিল গুলোতে এ রকম নির্দেশনা প্রয়োজন। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় ১২০০ বর্গফুটের জায়গা প্রয়োজনের কথা বলা হয়েছিল সেটি উপজেলা কৃষি অফিসের উত্তর দিকে পিপি গোডাউন সংলগ্ন ২০০০ বর্গফুটের জায়গা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। এ রবি মৌসুমে ৮৪০ হেক্টর জমিতে গোয়ালগাদ্দা সীমের চাষ হচ্ছে। এ সীমের চাষকে নিরাপদ করতে কাজ করে যাচ্ছে কৃষি সম্প্রসারন অধিদপ্তর, গোলাপগঞ্জ। | জলমহাল সমুহে অবৈধভাবে স্টেশন ব্যবহার করে পানি শুকানো বন্ধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার ভূমি/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২১১৯টি ,হাঁস মুরগীর চিকিৎসা ১৪৫৪৬টি, কৃত্রিম প্রজনন ১৮৯। গবাদি পশুর টিকা প্রদান ২২৪৮টি, হাঁস মুরগীর টিকা প্রদান ২৮৩০০ টি, উঠান বৈঠক আয়োজন ৬ টি। মাঠ পর্যায়ে গরুর লাম্পি স্কিন ডিজিজ এর প্রকোপ দেখা যাচ্ছে। তাই শীঘ্রই এ রোগের ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন করা প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলা পরিষদের এডিপি বরাদ্দ হতে ২ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান | মাঠ পর্যায়ে গরুর লাম্পি স্কিন ডিজিজ রোগের ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন এর বিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় | বিভাগীয় কার্যক্রমের | চেয়ারম্যান উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়াও কিন্ডারগার্টেন গুলিতে ভর্তি কার্যক্রম চলমান রয়েছে।আগামী ৩১/১/২০২৪ সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | গোলাপগঞ্জ উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্টেনে ভর্তি কার্যক্রম প্রধান শিক্ষনগণ বাস্তবায়নের জন্য সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাযৃক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান আছে। এছাড়া মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরন প্রকল্পের আওতায় কমিউনিটি ক্লিনিকের মেরামত কাজ চলমান আছে।বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরন প্রকল্পের আওতায় কমিউনিটি ক্লিনিকের মেরামত কাজ সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান মাসে ১ জন প্রশিক্ষিত যুবককে ৫০,০০০/- যুব ঋণ বিতরন করা হয়।চলতি অর্থ বছরে মোট বিতরন ৭,৩০,০০০/- টাকা। জানুয়ারী ২০২৪ মাসের যুব মহিলাদের পোযাক তৈরির প্রশিক্ষন চলমান রয়েছে মোট ৩০ জন মহিলাকে প্রশিক্ষন দেয়া হচ্ছে।উদ্যোক্তা প্রশিক্ষনের জন্য ২ জনকে সিলেটে পাঠানো হয়েছে।সবিসিক কম্পিউটার ও ডাটাবেজ ম্যানেজমেন্ট প্রশিক্ষণে ২ জনকে আঞ্চলিক মানব সম্পদ কেন্দ্রে পাঠানো হয়েছে। তাছাড়া যুব মহিলাদের ব্লক প্রিন্টিং প্রশিক্ষন হেতিমগঞ্জে শুরু হওয়ার প্রক্রিয়া চালু হয়েছে। চলতি জানুয়ারী'২৪ মাসে প্রশিক্ষনটিশুরু হবে।চেয়ারম্যান/ইউএনও মহোদয় প্রশিক্ষনটি উদ্বোধন করবেন বলে আশা প্রকাশ করছি। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, সমবায় বিভাগের জানুয়ারী/২৪ পর্যন্ত ১০৭ টি অডিট কার্য সম্পন্ন হয়েছে।চলতি মাসে ০৫ টি সমবায় সমিতির পরিদর্শন সম্পন্ন হয়েছে। | অডিট কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন সংগ্রহ কাযৃক্রম ধান, চাল ক্রয় চলমান আছে। নির্দিষ্ট সময়ের মধ্যেই কার্যক্রম সফল হবে। খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান আছে। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, (ক) গোলাপগঞ্জ উপজেলাধীন বন বিভাগের সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত ২০১০-১১ সনে বুধবারীবাজার ইউপির অর্ন্তগত আছই গ্রাম হইতে হাজীপুর পর্যন্ত ২ কি.মি. ষ্ট্রিপ বাগানের গাছ বিভাগীয় বন কর্মকর্তা,সিলেটএরস্মারকনং২২.০১.০০০০.৬৭২.১৭.০০১.২২.৪২ ২ তারিখ ২৩/০১/২০২২ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক ইতিমধ্যে মার্কিং করা বিবিধ প্রজাতির ৩৩৩ টি গাছ নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে এবং বিক্রয় লব্দ টাকা সংশ্লিষ্ট অংশীদারগণ সামাজিক বনায়ন বিধি মালা অনুযায়ী তাদের প্রাপ্য লভ্যাংশ পাবেন। বিষয়টি সদয় অবগতির জন্য সভায় উপস্থাপন করা হয়।(খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে শহীদ মিনার ও শিল্পকলা একাডেমির পার্শে চলমান ড্রেইন এর নির্মাণ স্থলে ঝুকিপূর্ণ প্রায় ১১ টি আকাশমনি গাছ রয়েছে। উন্নয়নমুলক কার্যক্রম গ্রহণে গাছগুলো অপসারনের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। উপজেলা প্রকৌশলী এ বিষয়ে আরও জানান যে, উপজেলা আবাসিক এলাকায় আরও বেশ কিছু ঝুকিপূর্ণ বিবিধ প্রজাতির গাছ রয়েছে, ঝুকিপূর্ণ সকল গাছ একই সাথে সনাক্তকরন সহ অপসারনের ব্যবস্থা গ্রহন | (ক) বনবিভাগ কর্তৃক সৃজিত ২ কি.মি. ষ্ট্রিপ বাগানের মার্কিংকৃত ৩৩৩ টি গাছ বিধি মোতাবেক বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট ব্যবস্থা নিবেন। (খ)বনবিভাগ,গোলাপ গঞ্জকে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, গোলাপগঞ্জ, উপজেলা পরিষদের অভ্যন্তরে ও আবাসিক এলাকার ঝুকিপূর্ণ গাছ গুলো সনাক্তকরনে সহযোগিতা করবেন এবংবনবিভাগ দ্রুত ঝুকিপূর্ণ গাছের তালিকা প্রেরণ করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজন। (গ) বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণে সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান/ সংস্থা যেমন ঢাকাদক্ষিন ইউনিয়ান পরিষদ ও প্রাণীসম্পদ কর্মকর্তার পুরাতন কার্যালয়ের সীমানা ঘেষে আরও ৪/৫ টি গাছ রয়েছে সে গুলোও অপসারনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তারা বনবিভাগ, গোলাপগঞ্জকে অবহিত করেছেন। এ বিষয়টিও সভায় উপস্থাপিত হয়। | (গ) উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রত্যাশিত সরকারি/বেসরকারি সংস্থাকে গাছ অপসারনের যৌক্তিক প্রয়োজনে বনজ দ্রব্য পরিবহন (নিয়ন্ত্রন) বিধিমালা-২০১১ এর নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের ডিসেম্বর মাস পর্যন্ত ঋণ বিতরন করা হয়েছে মোট ৪ কোটি ৯২ লক্ষ টাকা। ঋণের কিস্তি বাবদ ডিসেম্বর পযন্ত আদায় করা হয়েছে ৪ কোটি ৫২ লক্ষ টাকা। সঞ্চয় বাবদ আদায় হয়েছে ৩২ লক্ষ ২০ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরন ১ কোটি ২৫ লক্ষ ১০ হাজার টাকা, ঋণ আদায় ১ কোটি ৩৭ লক্ষ ৩১ হাজার টাকা। আদায়ের হার ৯৮%। সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমাণ ১ কোটি ১০ লক্ষ ০৮ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, ভাদেশ্বর ইউনিয়নের খমিয়া মৌজায় সেচ স্কীমটির নির্মাণ কাজ চলমান আছে। লক্ষীপাশা ইউনিয়নে গভীর নলকূপ বিএডিসি কর্তৃক স্থাপিত উক্ত স্কীমটি এ বছর চালু করতে চাচ্ছেনা এ বিষয়ে কৃষি অফিসার ও লক্ষীপাশার ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | এ বিষয়ে কৃষকদের সঙ্গে আলোচনা করে এর কার্যক্রম পরবর্তী সভায় অবহিত করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | চেয়ারম্যান আমুড়া ইউপি | চেয়ারম্যান আমুড়া ইউপি সভায় জানান, (ক) গোলাপগঞ্জ পৌরসভা ও পশ্চিম আমুড়া ইউনিয়নের সীমানার মধ্যবর্তী স্থানে পুড়িজান নামক খালে সুইচ গেইট স্থাপন করা হলে ইউনিয়নের ও পৌরসভার লোকজন উপকৃত হবে। গোলাপগঞ্জ পৌরসভা ও পশ্চিম আমুড়া ইউনিয়নের সীমানার মধ্যবর্তী স্থানে পুড়িজান নামক খালে সুইচ গেইট নির্মাণের জন্য তিনি সভায় প্রস্তাব উপস্থাপন করেন। (খ) গোলাপগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক শিকপুর গ্রামে ঘর নির্মাণ করা হয়েছে। অত্র পশ্চিম আমুড়া ইউনিয়নের বাসিন্দা গ্রাম পুলিশের ছোট ভাই আব্দুল মালেক এর নামে উক্ত ঘর বরাদ্দ দেওয়ার জন্য সভায় প্রস্তাব উপস্থাপিত হয়। | (ক) ও (খ) সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহন করবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২৩ | চেয়ারম্যান শরীফগঞ্জ ইউপি | শরীফগঞ্জ ইউনিয়নের সরকারি রাস্তার পাশে গাছ গুলোতে বন বিভাগ কর্তৃক নাম্বারিং করানোর জন্য শরীফগঞ্জ ইউপি চেয়ারম্যান প্রশাসনের দৃষ্টি আকর্ষন করেন। | বিষয়টি সর্ম্পকে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/ফরেষ্টার সামাজিক বনায়ন কেন্দ্র /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২৪ | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি সভায় জানান, (ক) নওয়াই চক গ্রামের দেওরভাগা নদীতে কালভার্টের অগ্রগতি জানার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতি দৃষ্টি আকর্ষন করেন।<br>(খ) ফুলসাইন্দ গ্রাম সহ লক্ষনাবন্দ ইউনিয়নের বিভিন্ন গ্রামে গ্যাসের প্রেসার কমে যাওয়ায় লোকজনের রান্নাবান্না করতে অসুবিধা হচ্ছে।তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরিষদের সহযোগিতা কামনা করেন।<br>(গ)ফুলসাইন্দ গ্রামের কামার কান্দি খাল খনন এবং নওয়াই চক গ্রামের বেড়ীবাঁধ নির্মাণ প্রকল্প অনুমোদনের অগ্রগতি জানার জন্য উপজেলা প্রকৌশলী প্রতি দৃষ্টি আকর্ষন করেন। | (ক) সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।<br>(খ) উক্ত বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব আব্দুল সোবহান, পরিচ্ছন্নতাকর্মী ও জনাব ফাহিমা বেগম, মালীর নভেম্বর/২৩ মাসের মজুরী বাবদ ( ১২১০০/-+১২১০০/-) চেক প্রদান চেক নং ৮৪০৪৪৪৬-৭ তাং৩/১২/২৩।জনাব রাজন পালকে নভেম্বর/২৩ মাসের আনুসাংগিক খরচ বাবদ ৫০০০/-চেক প্রদান চেক নং৮৪০৪৪৪৮ তাং৫/১২/২৩।মেসার্স তানিম এন্টার প্রাইজ এর অনুকুলে ডরমেটরী ভবন মেরামতের জামানত বাবদ ১,৭১,৫০৯/-চেক প্রদান চেক নং৮৪০৪৪৪৯ তাং৫/১২/২৩।আব্দুল কাদির এর অনুকুলে কনফারেন্স রুম এর মাইক্রোফোন ক্রয় বাবদ ৩৩৪০০/-চেক প্রদান চেক নং৮৪০৪৪৫০ তাং৫/১২/২৩। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

CamScanner

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৫৬ তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান------------------------------------------ ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

১৮/০১/২৪

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

CamScanner